

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৮৮

পর্ব-৫: জানাযা (كتاب الجنائر)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا دَخَلْتَ عَلَى مَرِيضٍ فَمُرْهُ يَدْعُو لَكَ فَإِنَّ دُعَاءَهُ كَدُعَاءِ الْمَلَائِكَةِ» . رَوَاهُ ابْنُ مَاجَهُ

#### বাংলা

১৫৮৮-[৬৬] 'উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তুমি কোন অসুস্থ লোককে দেখতে গেলে, তাকে তোমার জন্য দু'আ করতে বলবে। কারণ রুগ্ন লোকের দু'আ মালায়িকার (ফেরেশতাদের) দু'আর মতো। (ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] খুবই দুর্বল : ইবনু মাজাহ্ ১৪৪১, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ১০০৪, য'ঈফ আত্ তারগীব ২০২৯, য'ঈফ আল জামি' আস্ সগীর ৪৮৭। আলবানী (রহঃ) বলেন, হাদীসটি দু'টি কারণে দুর্বল। প্রথমতঃ মায়মূন বিন মিহরান এবং 'উমার (রাঃ)-এর মাঝে বিচ্ছিন্নতা। আর দ্বিতীয়তঃ জা'ফার বিন বুরক্কর হতে কাসীর বিন হিশাম সরাসরি হাদীস বর্ণনা করেননি। বরং উভয়ের মাঝে হাসান বিন আরফায রয়েছে যিনি মূলত একজন মিথ্যার অপবাদপ্রাপ্ত রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: ত্বীবী বলেনঃ রোগীর নিকট দু'আ চাওয়ার হুকুমটি মূলত রোগী তখন মুক্ত গুনাহ হতে সেদিনের মতো যেদিন তার মা তাকে জন্ম দিয়েছিল এবং সে মালায়িকার মতো নিস্পাপ হয় আর নিস্পাপদের দু'আ কবূল হয়।

'আলকামাহ্ বলেনঃ হাদীসের মর্মার্থ রোগীর নিকট দু'আর আবেদন করা মুসতাহাব, কারণ সে নিরুপায় আর অন্যদের চেয়ে তার দু'আ দ্রুত কবূল হয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন